

ROSALÍA É MUNDAL

TRADUCIÓN DE POEMAS DE “CANTARES GALLEGOS” ÁS LINGUAS DO MUNDO

“ADIÓS RÍOS” EN BENGALÍ

Adiós ríos, adiós fontes
adiós, regatos pequenos;
adiós, vista dos meus ollos,
non sei cándo nos veremos.

Miña terra, miña terra,
terra donde m’eu criei,
hortiña que quero tanto,
figueiriñas que prantei.

Prados, ríos, arboredas,
pinares que move o vento,
paxariños piadores,
casiña d’o meu contento.

Muiño dos castañaes,
noites craras do luar,
campaniñas timbradoiras
da igrexiña do lugar.

Amoriñas das silveiras
que eu lle daba ó meu amor,
camiñoños antre o millo,
¡adiós para sempre adiós!

Tradución ao bengalí de
ANIK NANDI



বিদায়, নদী; বিদায় ঝর ঝর ঝর্ণা;
ছোট নদী, খাল-বিল বিদায় তোমাদের;
বিদায়, আমার চোখের সামনে থাকা দৃশ্যদের,
জানি না আবার কবে-কখন দেখা হবে আমাদের।

আমার মাটি, আমার মা,
আমার জন্মভূমি যেখানে আমি বেড়ে উঠেছি,
আমার এত ভালোবাসার ছোট্ট বাগানখানি,
আর যে সমস্ত মূর্তিগুলিকে আমি প্রাণ দিয়েছি।

এই সমস্ত তৃণভূমি, জলধারা আর গাছগাছালি,
পাইন গাছের বন যা অনবরত দোল খাচ্ছে বাতাসে,
নরম পাখিদের কল-কাকলি,
আমার ভালোলাগার ছোট্ট বাড়িখানি।

সেই কাস্তানিয়া বাদাম ডাঙ্গার কল,
বাড়িতে সেই জ্যোত্স্না রাতের আনাগোনা,
পাশের ছোট্ট গীর্জা থেকে ভেসে আসা সেই ঘণ্টার ধ্বনি।

আমোরিনিয়া ফল দেওয়া সিলভেরিয়া গাছ
যাকে আমি আমার সব ভালবাসায় ভিজিয়ে দিয়েছি,
ডুট্টাখেতের মাঝে বেয়ে চলা সেই ছোট ছোট পথ,
বিদায় তোমাদের সকলকে, চিরকালের জন্য বিদায়।